

প্রকৃতি বিজ্ঞানী গোপাল চন্দ্র ভট্টাচার্য এর ১২৫ তম
জন্মবার্ষিকী উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত আলোচনাচক্র

প্রথম অধিবেশন

বিষয় : গোপাল চন্দ্র ভট্টাচার্য এর জীবন ও কর্ম,

দ্বিতীয় অধিবেশন

বিষয় : জীব বৈচিত্র - পর্যবেক্ষণ ও সংরক্ষণ,

তৃতীয় অধিবেশন

বিষয় : বাংলায় বিজ্ঞান সাহিত্য, বিজ্ঞান পত্রপত্রিকা
ও গোপাল চন্দ্র ভট্টাচার্য

“গোপালচন্দ্রের অসাধারণ গবেষণা, প্রবৃত্তি, তথ্যসন্ধিৎসা
এবং জিজ্ঞাসা ও ঐকান্তিক নিষ্ঠা - যে নিষ্ঠা কোনো
সম্মান বা আর্থিক ফললাভের প্রত্যাশী নহে, তাহা
বাস্তবিকই সুদূর্লভ”।

- সুনীতিকুমার চট্টোপাধ্যায়, জাতীয় অধ্যাপক

“পপুলার সায়েন্স তার মত লেখবার ক্ষমতা খুব কম
লোকেরই আছেতিনি একজন সার্থক গবেষক।
সেইসঙ্গে একজন সার্থক লেখক।

- অন্নদাশংকর রায়, লেখক

“জনপ্রিয় বিজ্ঞান লেখক হিসাবে গোপালচন্দ্র একটি
পরিচিত নাম, কিন্তু বিজ্ঞানী হিসাবে তিনি উপেক্ষিত,
কারণ এদেশে কিছুদিন আগে পর্যন্তও প্রাণী মনস্তত্ত্ব
(animal behaviour বা ethology) নিয়ে প্রায় কেউই
মাথা ঘামান নি এদেশের বিজ্ঞান পরিমন্ডলে
গোপালচন্দ্রের কাজের কোনো প্রকৃত মূল্যায়ণ হয়নি।
পৃথিবীতে কিছু কিছু মানুষ 'জন্মান' যারা সারা জীবন
ধরেই প্রকৃতির নানা বৈচিত্র, গাছপালা, পশুপাখি,
কীটপতঙ্গের রহস্য নিয়ে মেতে থাকে। এমনই মানুষ
ছিলেন চার্লস ডারউইন, জঁ অঁরি ফ্যবার (Jean
Henri Fabre) ওজিন মারে (Eugene Maris) এবং

- গোপাল চন্দ্র ভট্টাচার্য

- রতনলাল ব্রহ্মচারী, ক্রমবিজ্ঞানী ও প্রকৃতিবিজ্ঞানী

প্রকৃতি বিজ্ঞানী গোপাল চন্দ্র ভট্টাচার্য এর ১২৫ তম
জন্মবার্ষিকী উদ্বোধন উপলক্ষ্যে রাজ্য স্তরের আলোচনাচক্র



গোপাল চন্দ্র ভট্টাচার্য এর জীবন ও কর্ম, জীব বৈচিত্র -
পর্যবেক্ষণ ও সংরক্ষণ মাতৃভাষায় বিজ্ঞান জনপ্রিয়করণ

তারিখ - ১ আগস্ট ২০১৯

স্থান - বঙ্গীয় বিজ্ঞান পরিষদ সভাগৃহ

মৌখিক আয়োজক



বঙ্গীয় বিজ্ঞান পরিষদ



G C B B P S

গোপাল চন্দ্র ভট্টাচার্য বিজ্ঞান প্রসার সমিতি

সহযোগিতায়

বোস ইনস্টিটিউট

বিজ্ঞান প্রসার, বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর, ভারত সরকার

উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

বিজ্ঞান প্রযুক্তি ও জীবপ্রযুক্তি দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার

অধুনা বাংলাদেশের ফরিদপুর জেলার, লোনসিং নামক এক অখ্যাত গ্রামের এক বিরল প্রতিভা গোপাল চন্দ্র ভট্টাচার্য (১ আগষ্ট ১৮৯৫ - ৮ এপ্রিল ১৯৮১) - জীববিজ্ঞানের মৌলিক গবেষণার এক চিরকালীন উজ্জ্বল দৃষ্টান্ত। আচার্য্য জগদীশ চন্দ্র বসুর এই প্রিয় পাত্র নিরলস ও নীরব গবেষণায় উন্মোচিত করেছেন কীট পতঙ্গের আশ্চর্য জীবন রহস্য ও উদ্ভিদকুলের অদ্ভুত সব অজানা দিক যা বাংলা সাহিত্যরস সমৃদ্ধ হয়ে স্থান পেয়েছে 'বাংলার কীটপতঙ্গ', 'বিস্ময়ের জীবজগত', 'বাংলার গাছপালা', 'ভিন্নরুলের রাহাজানি', 'মেছো মাকড়সা' সহ একাধিক পুস্তকে ও ৮০০ প্রবন্ধে। তাঁর অবেষণের আতস কাঁচে ধরা পড়েছে শিশুদের মনজগৎ ও তাদের জন্য তাঁর 'করে দেখো' এক কথায় অনবদ্য।

তাঁর সুদীর্ঘ গবেষণাময় জীবনে ২২টি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে বসু বিজ্ঞান মন্দিরের ট্রানজেকশনস এ, আমেরিকার ন্যাচারাল হিস্ট্রি ও বম্বে ন্যাচারাল হিস্ট্রি সোসাইটিতে। এই বিজ্ঞান তপস্বীর প্রচার বিমুখতার প্রকৃষ্ট উদাহরণ হল, প্যারিসে কীটপতঙ্গের উপর আলোচনাচক্রে আমন্ত্রণ থাকা সত্ত্বেও তাঁর না যাওয়ার ঘটনা।

তিনি আচার্য্য সত্যেন্দ্রনাথ বসু প্রতিষ্ঠিত বঙ্গীয় বিজ্ঞান পরিষদ থেকে প্রকাশিত বাংলায় বিজ্ঞান পত্রিকা 'জ্ঞান ও বিজ্ঞান' এর সম্পাদক ছিলেন সুদীর্ঘকাল। বাংলা ভাষায় বিজ্ঞানকে আকর্ষণীয় সহজবোধ্য করে বিজ্ঞান জনপ্রিয়করনে তিনি পথিকৃত।

তাঁর জীবনকালে তিনি রবীন্দ্রপুরস্কার, আনন্দপুরস্কার ও বসুবিজ্ঞান মন্দিরের হীরকজয়ন্তীতে বিশেষ সম্মানে সম্মানিত হন। প্রথাগত শিক্ষার ডিগ্রিধারী না হলেও কলকাতা বিশ্ববিদ্যালয়ের সাম্মানিক ডি.এস.সি. সম্মানে ভূষিত হন। পশ্চিমবঙ্গ সরকার ২০০৫ সাল থেকে এই বিজ্ঞানতপস্বীকে সম্মান প্রদর্শনের জন্য তাঁর নামে পুরস্কার প্রচলন করেন।

প্রকৃতি বিজ্ঞানী গোপাল চন্দ্র ভট্টাচার্য এর ১২৫ তম জন্মবার্ষিকী উদ্বোধন উপলক্ষে আয়োজিত রাজ্য স্তরের আলোচনাচক্র গোপাল চন্দ্র ভট্টাচার্য এর জীবন ও কর্ম, জীব বৈচিত্র - পর্যবেক্ষণ ও সংরক্ষণ মাতৃভাষায় বিজ্ঞান জনপ্রিয়করণ, তারিখ - ১ আগষ্ট ২০১৯

নিবন্ধীকরণ

নাম/Name:

ঠিকানা/Address:

ই-মেল/E-mail:

ফোন - মোবাইল/Phone – Mobile No:

কোন সংস্থার সঙ্গে যুক্ত/Organisation:

নিবন্ধীকরণের জন্য ২০০ টাকা ব্যাঙ্ক চেক/ ব্যাঙ্ক

ড্রাফট/ নগদে /(Registration fee of Rs.200 by cheque/Draft/in Cash)

ব্যাঙ্ক চেক/ ব্যাঙ্ক ড্রাফট জন্য/ For Cheque / Draft in favour of 'Bangiya Bijnan Parishad'

ব্যাঙ্কের নাম/ Bank Name:

ব্যাঙ্ক চেক/ ব্যাঙ্ক ড্রাফট নং/ (Cheque/Draft No.):

তারিখ/Date:

স্বাক্ষর/Signature:

আবেদন করার ঠিকানাঃ

বঙ্গীয় বিজ্ঞান পরিষদ, পি-২৩, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কলকাতা - ৭০০০০৬

Address: Bangiya Bijnan Parishad, P-23 Raja Rajkrishna Street, Kolkata – 700006.

অথবা/or গোপাল চন্দ্র ভট্টাচার্য বিজ্ঞান প্রসার সমিতি ১৬, বাগমারী লেন, ব্লক - ১, ফ্ল্যাট - ৩৪,

কলকাতা - ৭০০০৫৪

Address: 16 Bagmari Lane, Block – 1, Flat – 34, Kolkata – 700054

আবেদনের শেষ তারিখ ১৫ জুলাই, ২০১৯